

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
বিআরটিএ ভবন
নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা-১২১২
(ইঞ্জিনিয়ারিং শাখা)
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.৩১.০১৬.২২-১৩৮১

তারিখঃ ১৮-১২-২০২২খ্রিঃ।


বিষয়ঃ মোটরসাইকেলের রেজিস্ট্রেশন প্রদানের সময় গ্রাহকের ড্রাইভিং লাইসেন্স থাকা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.১৬.০১৫.২০১৫-৬৮৮, তাং ১৫-১২-২২খ্রিঃ।

২) অত্র কার্যালয়ের স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.০১৬.২২-৯৭৭, ১৪-০৯-২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ ২নং পত্রে ড্রাইভিং লাইসেন্স ব্যতীত শুধুমাত্র লার্ণার ড্রাইভিং লাইসেন্স গ্রহণপূর্বক মোটরসাইকেল রেজিস্ট্রেশন প্রদানের সময়সীমা আগামী ১৪ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বর্ধিত করা হয় এবং আগামী ১৫ ডিসেম্বর, ২০২২ তারিখ থেকে মোটরসাইকেলের রেজিস্ট্রেশন নম্বর প্রদানের সময় সংশ্লিষ্ট গ্রাহকের ড্রাইভিং লাইসেন্স থাকার বিষয়টি রেজিস্ট্রারিং অথরিটি কর্তৃক নিশ্চিত করার বিষয়ে অনুরোধ করা হয়। সভাপতি, বাংলাদেশ মোটরসাইকেল এ্যাসোসিয়েশনস এ্যান্ড ম্যানুফ্যাকচারার্স এ্যাসোসিয়েশন(বিমামা) এর আবেদনের প্রেক্ষিতে সূত্রস্থ ১নং স্মারকের নির্দেশনা মোতাবেক ড্রাইভিং লাইসেন্স ব্যতীত শুধুমাত্র লার্ণার ড্রাইভিং লাইসেন্স গ্রহণপূর্বক মোটরসাইকেল রেজিস্ট্রেশন প্রদানের সময়সীমা আগামী ১৪ ফেব্রুয়ারী, ২০২৩ পর্যন্ত বর্ধিত করা হলো। আগামী ১৫ ফেব্রুয়ারী, ২০২৩ থেকে মোটরসাইকেলের রেজিস্ট্রেশন নম্বর প্রদানের সময় সংশ্লিষ্ট গ্রাহকের ড্রাইভিং লাইসেন্স থাকার বিষয়টি রেজিস্ট্রারিং অথরিটি কর্তৃক নিশ্চিত করতে হবে। অনুরূপভাবে উক্ত তারিখ থেকে চালকের ড্রাইভিং লাইসেন্স ব্যতীত মোটরসাইকেল বিক্রয় না করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

০২। এমতাবস্থায়, এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


উপপরিচালক (ইঞ্জিঃ ১)
ফোনঃ ৫৫০৪০৭২৭

বিতরণঃ

- ১) উপপরিচালক(ইঞ্জিঃ)/সহকারী পরিচালক(ইঞ্জিঃ) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ, বিআরটিএ.....সার্কেল(সকল)।
- ২) সভাপতি, বাংলাদেশ মোটরসাইকেল এ্যাসোসিয়েশনস এ্যান্ড ম্যানুফ্যাকচারার্স এ্যাসোসিয়েশন(বিমামা), উত্তরা সেন্টার, ১০২, শহীদ তাজউদ্দীন আহম্মেদ সরণী(১৪তলা), তেজগাঁও, ঢাকা-১২০৮।

অনুলিপিঃ

- ১) পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ,বিভাগ(সকল)।
- ২) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা।